ঝিনাইদহে জাতীয় নাগরিক কমিটির মতবিনিময় সভা

ঝিনাইদহ জাতীয় নাগরিক কমিটির এক বিশেষ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

রোববার (১৬ ফেব্রুয়ারি) সকালে জাতীয় নাগরিক কমিটি জেলা শাখার আয়োজনে শহরের নতুন হাটখোলা এলাকায় সংগঠনটির জেলা কার্যালয়ে এ সভার আয়োজন করা হয়।

এতে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা নাগরিক কমিটির প্রধান সংগঠক নাসির আল সাদী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় নেতা তারিক রেজা। আরও উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা নাগরিক কমিটির নেতা তারেক বাবু, আরেফিন কায়সার, আলাউদ্দিন জোয়ারদার, শাম্মী পারভিন, হাবিবুর রহমান, মুজাহিদুল ইসলাম, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সদস্য সচিব সাইদুর রহমান ও সিনিয়র যুগ্ম আহ্বায়ক মনির হোসেন।

এছাড়াও কোটচাঁদপুর উপজেলার জাতীয় নাগরিক কমিটির মামুন, মোকলেসুর, হাবিবুর, মহেশপুর উপজেলার আবুল কালাম আজাদ, হরিণাকুণ্ডু উপজেলার আলমগীরসহ বিভিন্ন উপজেলার নেতৃবৃন্দ সভায় অংশ নেন।

সভায় উপস্থিত নেতৃবৃন্দ নাগরিক অধিকার ও সামগ্রিক উন্নয়ন নিয়ে মতামত প্রদান করেন এবং জাতীয় নাগরিক কমিটির ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে বিস্তারিত তুলে ধরেণ।

গাংনীতে শিশু বিবাহ ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক মতবিনিময়

সভা

গাংনী উপজেলার রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ে শিশু বিবাহ, মানব পাচার, মাদক প্রতিরোধ ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকাল ১০টায় বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে এ সভার আয়োজন করা হয়।

জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এই কর্মসূচির আয়োজন করে। সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মিজানুর রহমান। এতে বক্তব্য রাখেন সহকারী শিক্ষক সাহেবুল ইসলাম, আবু সাঈদ ও মাতিউন নেছা। শুভেচ্ছা বক্তব্য দেন মউকের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ ফাহিমা আক্তার।

আলোচকরা শিশু বিবাহের কুফল, মানব পাচারের ভয়াবহতা ও মাদক প্রতিরোধের গুরুত্ব তুলে ধরেন। পাশাপাশি, ৪৫ দিনের মধ্যে সকল শিশুর জন্ম ও মৃত্যুর নিবন্ধন সম্পন্ন করার বিষয়ে শিক্ষার্থীদের সচেতন করা হয়।

সভায় বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণির ছাত্র-ছাত্রী ও শিক্ষকরা অংশগ্রহণ করেন।

দামুড়হুদায় মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

দামুড়হুদায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা প্রশাসনের আয়োজনে বুধবার বেলা ১১টার সময় উপজেলা পরিষদ মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোছাঃ মমতাজ মহল। এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি

মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, দামুড়হুদা উপজেলা জামায়াতে ইসলামীর আমির মোঃ নায়েব আলী, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, উপজেলা প.প কর্মকর্তা হেলেনা আক্তার নিপা, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি হুমায়ূন কবির, দর্শনা থানার সেকেন্ড অফিসার অনুপ কুমার ঘোষ, দামুড়হুদা প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা পাট অফিসার রিয়াজুল ইসলামসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানগণ, সাংবাদিক, মুক্তিযোদ্ধা ও সুধীজন উপস্থিত ছিলেন।

সভায় দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। এর মধ্যে রয়েছে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, প্রভাতফেরি, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও রচনা প্রতিযোগিতা।

সভাপতির বক্তব্যে ইউএনও বলেন, “ভাষা শহীদদের স্মরণে আমরা একত্রিত হয়েছি। সকলের সহযোগিতায় দিবসটি যথাযথভাবে উদযাপন করা হবে। সভা শেষে সবাইকে কর্মসূচিতে সক্রিয় অংশগ্রহণের আহ্বান জানানো হয়।

মুজিবনগরে জনসচেতনতা মূলক সভা অনুষ্ঠিত

মুজিবনগরে শান্তি শৃঙ্খলা উন্নয়নে সামাজিক সচেতনতায় যুবকদের ভূমিকা শীর্ষক জনসচেতনতা মূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবপ উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ

মিজানুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, জেলা মুখ্য সংগঠক ও উপজেলা প্রধান সমন্বয়ক ছাত্র প্রতিনিধি শাওন শেখ প্রমুখ।

এর আগে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে যুবকদের নিয়ে একটি জনসচেতনতা মূলক র্যালী বের করা হয়।

মেহেরপুরে গ্রাম আদালত কার্যক্রম পর্যালোচনা শীর্ষক সমন্বয় সভা

মেহেরপুরে জেলা পর্যায়ে গ্রাম আদালত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও করণীয় শীর্ষক অর্ধবার্ষিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ (তৃতীয় পর্যায়) প্রকল্পের আওতায় স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এই সভার আয়োজন করে।

মঙ্গলবার (১১ ফেব্রুয়ারি) সকাল ১০টায় মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় স্থানীয় সরকার উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) মো. তরিকুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের রিসোর্স পার্সন ও অতিরিক্ত জেলা প্রশাসক (স্থানীয় সরকার) মো. রনি আলম নুর, সরকারি সহকারী পরিচালক মো. আবীর হোসেন, মেহেরপুর ও চুয়াডাঙ্গা ওয়েব ফাউন্ডেশনের ডিস্ট্রিক্ট ম্যানেজার মো. আসাদুজ্জামান, স্থানীয় সরকার প্রশাসনিক রেজিস্ট্রেশন কর্মকর্তা মো. আব্দুল হামিদ প্রমুখ।

এই সমন্বয় সভায় গ্রাম আদালতের কার্যক্রমের বর্তমান অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং ভবিষ্যতে আরও কার্যকরভাবে পরিচালনার জন্য বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করা হয়।

মেহেরপুরে জেলা বিএনপি’র পরিচিত সভা

মেহেরপুরে জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির পরিচিত সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (৯ ফেব্রুয়ারি) সকাল ১১ টার দিকে মেহেরপুর সালোম গেস্ট হাউস এন্ড ট্রেনিং সেন্টার সালোম চর্চ অফ মেহেরপুর এ এই জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির পরিচিত সভা আয়োজন করা হয়েছে।

জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগের বিএনপি’র সংগঠনিক সম্পাদক (ভারপ্রাপ্ত) অনিন্দ্য ইসলাম অমিত।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগ বিএনপির সহ সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ড, জেলা বিএনপির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ ও জেলা বিএনপি’র সদস্য সাবেক এমপি আমজাদ হোসেন।

জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র যুগ্ন আহবায়ক আমিরুল ইসলাম, অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, সদস্য ইলিয়াছ হোসেন, আলমগীর খান ছাতু, আনছারুল হক, আব্দুল্লাহ, হাফিজুর রহমান, রেজাউল হক, জাকির হোসেন, আব্দুল হামিদ,খাইরুল বাশার, ওমর ফারুক, ফারুক হোসেন, আব্দুল আওয়াল, ইনছারুল হক, আলফাজ উদ্দিন কালু, মোছাঃ রোমানা আহম্মদ, আব্দুর রশিদ, মকবুল হোসেন মেঘলা, আখেরুজ্জামান, সাবেক পিপি ও সদস্য আবু সালেহ মোহাম্মদ নাসিম, মশিউর রহমান প্রমুখ।

এছাড়াও এসময় জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন

মিন্টু, সদস্য সচিব শহিদুল ইসলাম, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব হারুনুর রশিদ বাচ্চু বিশ্বাস, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু, আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, মোশিউল আলম দিপুসহ জেলার বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির মতবিনিময় সভা

ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল ১০ টায় জেলা বিএনপির কার্যালয়ে সদর উপজেলা বিএনপির মতবিনিময়সভা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা। সভাপতিত্ব করেন সদও উপজেলা বিএনপির সভাপতি এ্যাডঃ কামাল আজাদ পান্নু।

মিটিং পরিচালোনা করেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাবেক চেয়ারম্যান আলমগীর হোসেন আলম।

আরো উপস্থিত ছিলেন সদর থানা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি জাহিদুল ইসলাম জর্দার, ঝিনাইদহ জেলা বিএনপির সহ-সভাপতি নজরুল ইসলাম, আলাউদ্দিন আল মামুন, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক প্রভাষক জাহাঙ্গীর হোসেন , প্রচার সম্পাদক এম আক্তার মুকুল, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জিয়াউল ইসলাম ফিরোজ, সহ-সভাপতি বিল্লাল হোসেন, যুগ্মসাধারণ সম্পাদক প্রভাষক আব্দুল খালেক, উপজেলা বিএনপির প্রচার সম্পাদক তৈফিকুর রহমানসহ ঝিনাইদহ সদর ঝিনাইদহ সদর উপজেলার ১৭টি ইউনিয়নের সভাপতি, সাধারণ সম্পাদক, সাংগঠনিক সম্পাদক, সিনিয়র সহসভাপতি, যুগ্ম সম্পাদক বৃন্দ।

প্রধান অতিথি প্রতিটি ইউনিয়নের সাংগঠনিক কার্যক্রম বৃদ্ধি ও আগামী জাতীয় সংসদ নির্বাচনের প্রস্তুতি নেওয়ার নির্দেশ দেন।

মেহেরপুরে তারুণ্যের উৎসব উপলক্ষে মতবিনিময় সভা

মেহেরপুরে এসো দেশ বদলাই পৃথিবী বদলাই নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে তারুণ্যের উৎসব ২০২৫ উপলক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। উদ্যোমি ও বিপ্লবী ছাত্র-জনতার উজ্জ্বল ভবিষ্যৎ নির্মাণের ন্যায় ও সমতার ভিত্তিতে বৈষম্য বিরোধী সংস্থারযুক্ত রাষ্ট্রবিধান রচনা ও ভবিষ্যত কর্মপন্থা নির্ণয় মূলক।

শনিবার(১ ফেব্রুয়ারি) সকাল ১১ টার দিকে মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়নে আমঝুপি মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে মতবিনিময় সভার আয়োজন করা হয়।

আমঝুপি মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর বিশ্ব বিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডঃ শেখ বখতিয়ার উদ্দীন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এ আর বি কলেজের অধ্যক্ষ মোঃ আনোয়ারুজ্জামান, পিএস ডঃ তারিক আজিজ। মুখ্য বিপ্লবী অতিথি মেহেরপুর বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন আহবায়ক ইমতিয়াজ আহমেদ।

মতবিনিময় সভার অনুষ্ঠানে মানব উন্নয়ন কেন্দ্র মকউ মানব অধিকার কর্মী ও জেলা প্রোগ্রাম ম্যানেজার সাদ আহমেদ সঞ্চালনায়। অনুষ্ঠানে পবিত্র কোরআন তেলাওয়াত করেন মানব উন্নয়ন কেন্দ্র মকউ সদস্য শাহিনুর হোসেন।

মেহেরপুরে বিজয়ের উল্লাসে তারুণ্যের উচ্ছ্বাসে শীর্ষক আলোচনা সভা

”এসো দেশ বদলাই পৃথিবী বদলাই” শ্লোগানে তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষ্যে মেহেরপুরে বিজয়ের উল্লাসে তারুণ্যের উচ্ছ্বাসে শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সাড়ে ১০ টার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

জেলা প্রশাসন ও জেলা তথ্য অফিস আয়োজিত আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ্ আল মামুন।

জেলা নিরাপদ খাদ্য অফিসার রিয়াজ মাহমুদের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজের সহযোগি অধ্যাপক খেজমত আলী মালিথা, জেলা শিক্ষা অফিসার হযরত আলী, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনির, পুলিশ পরিদর্শক বজলুর রহমান, কৃষি বিপণন কর্মকর্তা তারিকুল ইসলাম, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের যুগ্ম আহ্বায়ক তামিম ইসলাম প্রমুখ।

গাংনীতে শরীরচর্চা ও স্বাস্থ্য সচেতনতা নিয়ে এ্যাডভোকেসি সভা

মেহেরপুরের গাংনীতে স্থানীয় জনগণকে শরীরচর্চায় উদ্বুদ্ধ করতে ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করতে এ্যাডভোকেসি সভার আয়োজন করা হয়। মঙ্গলবার সকাল ১০টায় গাংনী পৌরসভা কার্যালয়ের সভাকক্ষে এ সভাটি অনুষ্ঠিত হয়।

সিটিজেন নেটওয়ার্কের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এই

অনুষ্ঠানের আয়োজন করে। মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন গাংনীর উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসক প্রীতম সাহা।

সভায় মউকের নির্বাহী প্রধান সভার লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে আলোচনা করেন। নারীদের মুক্তভাবে চলার গুরুত্ব এবং স্বাস্থ্য ও বিভিন্ন রোগ প্রতিরোধ নিয়ে বক্তব্য দেন গাংনী থানার অফিসার ইনচার্জ বানী ইসরাইল।

এছাড়াও বক্তব্য রাখেন উপজেলা শিক্ষা অফিসার মোঃ নাছির উদ্দীন, উপজেলা সমাজসেবা অফিসার আরশাদ আলী, উপজেলা যুব উন্নয়ন অফিসার মোঃ আসাদুজ্জামান এবং সহকারী প্রকৌশলী ও পৌর সচিব মোঃ শামীম রেজা।

সভায় জনপ্রতিনিধি, সাংবাদিক এবং যুবসমাজসহ বিভিন্ন পেশার প্রায় অর্ধশতাধিক মানুষ অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন মানবাধিকার কর্মী ফাহিমা আখতার।